

কানাইঘাট এসোসিয়েশন ইউকে

কানাইঘাট এসোসিয়েশন ইউকে একটি চ্যারিটি রেজিস্টার্ড কমিউনিটি সংগঠন। বিভিন্ন জনকল্যাণমূলক কর্মকাণ্ডের উদ্দেশ্যে উনিশ শ' পঁচাশি সালের বাইশ সেপ্টেম্বর এ সমিতির জন্ম। মরহুম মুহাম্মদ শামসুল হক বিএ ছিলেন এ সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি।

বিলেতে কানাইঘাটীর সংখ্যা অপ্রতুল হলেও আজ অর্গেনাইজেশনের সদস্য সংখ্যা শতাধিক। দেশ বিদেশে এ সংগঠন নানা জনকল্যাণমূলক তৎপরতায় সহযোগিতা দিয়ে থাকে। এসোসিয়েশন শিক্ষা ও সংস্কৃতির উৎকর্ষ সাধনে সর্বত্র সচেষ্ট এবং বাংলাদেশেও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদ মাদ্রাসার উন্নয়নে সাহায্য করে যাচ্ছে। দেশের দুর্দিনে ও দুঃস্থ মানুষের কল্যাণে যুক্তরাজ্য কানাইঘাট এসোসিয়েশন সদা তৎপর। বিশ্বে বিভিন্ন সংস্থা ও সিলেট সদর কানাইঘাট সমিতির সাথে এসোসিয়েশনের সুসম্পর্ক ও যোগাযোগ রয়েছে।

এখানে সকলের সুখ দুঃখে এসোসিয়েশন আন্তরিক ভূমিকা রাখছে। বিলেতে এ সংগঠন অন্যান্য স্থানীয় ও জাতীয় সংগঠনের সাথে যোগাযোগ রক্ষা করে চলেছে। এছাড়া প্রবাসীদের সম্পর্ক উন্নয়নে এবং তাদের নানাবিধ সমস্যা ও ইস্যুতে সোচ্চার রয়েছে।

কানাইঘাট এসোসিয়েশন যুক্তরাজ্যের উন্নতি ও মানবতার মুক্তি কামনা করে এবং আশা রাখে আমাদের প্রজন্ম এ লক্ষ্যে পরিচালিত হবেন।